দৈনিক সংবাদ

তারিখ 20 NOV 1988
পৃষ্ঠা 1 কলাম 6

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

শুক্রবারের সংঘর্ষের জের

# রাজশাহী মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

রাজশাহী, ১৯শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতার তার)।--- গতকাল রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সংঘর্ষের জের হিসেবে আজ রাজশাহী মেডিক্যাল কলেজে চরম উত্তেজনা বিরাজ করতে থাকলে মেডিক্যাল একাডেমিক কাউন্সিল রাজশাহী মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা করেছে। ঘোষণায় বিকেল ৫টার মধ্যে ছাত্রছাত্রীদের হোস্টেল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে। এই ঘোষণার পর ছাত্র-ছাত্রীরা হোস্টেল ত্যাগ করেছে।

এদিকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে হত্যাকাণ্ডের প্রতিবাদে ইসলামী ছাত্র শিবিরের আহ্বানে আজ রাজশাহী পৌর এলাকায় অর্ধদিবস হরতাল পালিত হয়। তবে হরতালের সময় বেশকিছু রিক্সা চলাচল করতে দেখা গেছে এবং পৌর এলাকার বাইরে বাস চলাচল স্বাভাবিক ছিল। কাঁচা-বাজার এবং অলিগলিতে দোকান-পাট খোলা ছিল।

**সিন্ডিকেটের সভা**

রাজশাহী বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট বিশ্ববিদ্যালয় চত্বরে পুলিশের উপস্থিতিতে ২ জন ছাত্রের মৃত্যুর ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে এবং ভবিষ্যতে যাতে এধরনের ঘটনা না ঘটে তার জন্য পুলিশ প্রশাসনকে তৎপর হতে আহ্বান জানিয়েছে। গতকাল রাতে অনুষ্ঠিত সিন্ডি-

(শেষ পৃ: ৫-এর ক: দ্র:)

**রাজশাহী মেডিক্যাল কলেজ**

(১ম পাতার পর)

কেটের এক জরুরী সভায় ঘটনা তদন্তের উদ্দেশ্যে কার্যকর পদক্ষেপ নেয়ার আহ্বান জানানো হয়েছে।

**বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি**

রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির পক্ষ থেকে ২জন ছাত্রের মৃত্যুতে গভীর মর্মবেদনা প্রকাশ করা হয় এবং বলা হয়েছে যে, বিশ্ববিদ্যালয়ের আইন-শৃংখলা রক্ষার কাজে পুলিশ মোতায়েন থাকা সত্ত্বেও হলগুলোতে বহিরাগতদের অনুপ্রবেশ দুর্ভাগ্যজনক। শিক্ষক সমিতির পক্ষথেকে সভাপতি ও যুগ্ম সম্পাদকের সই করা এক বিবৃতিতে এই ঘটনাকে পুলিশের ব্যর্থতা বলে উল্লেখ করা হয়। বিবৃতিতে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার আহ্বান জানানো হয়।